# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**শৃংখলা পরিদপ্তর**
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Directorate of Discipline**
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২০.১১-৬৯

তারিখঃ ২২/১২/১৪২৮ বঙ্গাঃ
০৫/০৪/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) কে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং-২৭১ তারিখঃ ২৭-১১-২০১৪ খ্রিঃ এর মাধ্যমে নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা হতে ওয়ামিপ, পাউবো, ঢাকায় বদলী যোগে পদায়ন করা হয়। কিন্তু তিনি বদলীকৃত দপ্তরে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে পরিচালক, কর্মচারী পরিদপ্তর বরাবরে সরাসরি গত ১৯-০৪-২০১৬ খ্রিঃ তারিখে অপরাহ্ন হতে বোর্ডের চাকুরী হতে ইস্তফা প্রদানের জন্য আবেদন করেন। এছাড়াও ইতোপূর্বে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং-১৫৩-পাউবো(কপ)/বি-১/১বন-১০৭৯/০৭ তারিখঃ ২৩-০৮-২০১১ খ্রিঃ মোতাবেক তাকে জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা হতে ইসিআরআরপি, পাউবো, ঢাকায় বদলী করা হলে তিনি ২৫-০৯-২০১১ খ্রিঃ তারিখে উক্ত দপ্তরে একটি যোগদানপত্র রেখে দপ্তর ত্যাগ করেন। কিন্তু তার যোগদানপত্রের সাথে পূর্ববর্তী দপ্তরের কোন অব্যাহতিপত্র ছিল না। এমনকি যোগদানের পর হতে তিনি দাপ্তরিক কাজকর্মে অংশগ্রহণ না করে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। তার উক্ত ২৫-০৯-২০১১ খ্রিঃ তারিখ হতে ইস্তফা দাখিল পর্যন্ত সময়কালে দপ্তরে অননুমোদিত অনুপস্থিতি, দাপ্তরিক কাজে অবহেলা, দাপ্তরিক নিয়মকানুন না মানা, বদলীকৃত দপ্তর ওয়ামিপ, বাপাউবো, ঢাকায় যোগদান না করা, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ইস্তফাপত্র প্রদান না করা, বিধি মোতাবেক ১(এক) মাস পূর্বে চাকুরী হতে ইস্তফা প্রদান করার বিষয়ে দায় দায়িত্ব নিরূপনসহ তার ইস্তফাপত্রের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৩৩-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৪/২০১১ তারিখঃ ০১-১২-২০১৬ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও মতামত পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) গত ২৫/০৯/২০১১ হতে ২৩/০৬/২০১২ তারিখ পর্যন্ত প্রায় ০৯(নয়) মাস এবং ২৮/১১/২০১৪ খ্রিঃ হতে ১৮/০৪/২০১৬ খ্রিঃ পর্যন্ত প্রায় ০১(এক) বৎসর ০৪(চার) মাস ২০(বিশ) দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে সরাসরি পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো ঢাকা বরাবরে ইস্তফা পত্র প্রেরণ করেছেন।

২। জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৩। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না তা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১২৮-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৪/২০১১ তারিখঃ ১৬/০৬/২০১৯ খ্রিঃ মাধ্যমে তার বিরুদ্ধে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার অফিসের ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও তিনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২৪০/পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০৪/২০১১ তারিখঃ ১৩/১১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে গত ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হয় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) এবং ২ (১)(১৩) মোতাবেক কতর্ব্য কর্মে অবহেলা, অসদাচরণ, এবং পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড কেন আরোপ করা হবে না সে বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বিরুদ্ধে গত ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ায় তার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে শৃংখলা পরিদপ্তরে কারণ দর্শাইবার জন্য শৃংখলা পরিদপ্তরে স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২০.১১-৪২ তারিখঃ ০৬/০৩/২০২২খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয় এবং

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) প্রেরণ করা হয়। কারণ দর্শানোর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মকর্তাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি তিনি উক্ত বিষয়ে কোন জবাব প্রদান করেননি।

৬। জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) এর বিরুদ্ধে আনীত তার উপর চাকুরী হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশটি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব প্রদান না করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ উক্ত কর্মকর্তা বিগত ২৮-১১-২০১৪ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮-১১-২০১৪ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮-১১-২০১৪ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(প্রনয় কুমার প্রামানিক)
পরিচালক (চলতি দায়িত্ব)
পরিচিতি নম্বর-৬৩১২৩১০১৪
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২০.১১-৬৯(১৯)

তারিখঃ ২২/১২/১৪২৮ বঙ্গাঃ
০৫/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
২. সচিব, বাপাউবো, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, ইসিআরপি, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১/২, বাপাউবো, ঢাকা।
৬. পরিচালক কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৭. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তারাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৯. নির্বাহী প্রকৌশলী, জরিপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, গ্রীণ রোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
১১. [redacted] জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকাকে (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন)/প্রযত্নে পিতাঃ সিরাজুল ইসলাম, গ্রামঃ কাবিলপুর, পোষ্টঃ উমেদপুর, থানাঃ শীবচর, জেলাঃ মাদারীপুর।
১২. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন /পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৪০৩১১০০১
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯